**স্নাতক পাঠক্রম ( B.D.P.)**

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ ও জুন, ২০১৫**

# বাংলা ( Bengali )

*ঐচ্ছিক পাঠক্রম ( Elective )*

**দ্বিতীয় পত্র** ( 2nd Paper : **Bhasatattwa Ebong Chhando O Alonkar** )

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৭০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) নব্য ভারতীয় আর্য ভাষার পরিচয় দিন। বাংলা ভাষার উৎস, বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করুন।

(খ) ভাষা বিজ্ঞানে 'শব্দার্থ তত্ত্বের' স্থান ও শব্দার্থ পরিবর্তনের কারণগুলি উল্লেখ করুন। প্রসঙ্গত শব্দার্থের ঐতিহাসিক উপাদান ও শব্দের অর্থের উন্নতি ও অবনতি দৃষ্টান্তসহ আলোচনা করুন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(গ) রূপিম-এর সংজ্ঞা, রূপিম শনাক্তকরণ প্রক্রিয়া, শ্রেণীভেদ ও শব্দ গঠনে তাদের ভূমিকা, দৃষ্টান্তসহ আলোচনা করুন।

(ঘ) বাংলা শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

(ঙ) উপযুক্ত উদাহরণসহ ধ্বনি পরিবর্তনের সাধারণ সূত্রাবলী উল্লেখ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) তিনজন প্রাচীন ভারতীয় আলংকারিকের নাম, তাঁদের গ্রন্থের নাম ও অলংকার-চর্চার কাল (শতক) উল্লেখ করুন।

(খ) বাংলা ভাষায় দ্রাবিড় ও অষ্ট্রিক ভাষার প্রভাব আলোচনা করুন।

(গ) আধুনিক বাংলা উপভাষাগুলির নাম উল্লেখসহ কোন্ কোন্ অঞ্চলে এদের ব্যাপ্তি উল্লেখ করুন এবং কামরূপী উপভাষার বৈশিষ্ট্য আলোচনা করুন।

(ঘ) বাংলা ছন্দলিপি নির্মাণের পদ্ধতি, নির্মাণের ক্রম ও তথ্য তালিকা — অমূল্যধন মুখোপাধ্যায় এবং প্রবোধচন্দ্র সেনের ধারণার পার্থক্য বুঝিয়ে দিন।

(ঙ) চতুর্দশপদী কবিতার মৌলিক লক্ষণগুলি আলোচনা করুন। কবিতার স্তবক বিন্যাসের উদাহরণসহ ছক উল্লেখ করুন।

(চ) প্রাচীন ও আধুনিক বাংলা ভাষার সাধারণ লক্ষণগুলির পরিচয় দিন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) সম্মুখ স্বরধ্বনি ও পশ্চাৎ স্বরধ্বনি কাকে বলে ? উদাহরণ দিন।

(খ) প্রত্ন কলাবৃত্ত ছন্দ কাকে বলা হয় ?

(গ) শ্বাসাঘাত ও প্রস্বরের পার্থক্য উদাহরণসহ আলোচনা করুন।

(ঘ) নাসিক্যভবন ও মূর্ধন্যীভবন-এর উদাহরণসহ পার্থক্য নির্দেশ করুন।

(ঙ) 'যমক' ও 'শ্লেষ'-এর দুটি করে উদাহরণ দিয়ে পার্থক্য বুঝিয়ে দিন।

(চ) নবগঠিত শব্দ বলতে কি বুঝায় ? বাংলা ভাষার নবগঠিত শব্দের দুটি করে উদাহরণ দিন।

(ছ) অলংকার নির্ণয় করুন :

i) কণ্ঠস্বরে বজ্র লজ্জাহত।

ii) তটিনী চলেছে অভিসারে।

iii) অনুশোচনার আগুনে ছাই হচ্ছে উৎসাহের কয়লা।





(জ) নিচের যে কোন **একটির** ছন্দ নির্ণয় করুন :

i) নামে সন্ধ্যা তন্দ্রালসা।
সোনার আঁচল-খসা।
হাতে দীপশিখা।
দিনের কল্লোল পর
টানি দিল ঝিল্লিস্বর
ঘন যবনিকা।

ii) পঞ্চশরে দগ্ধ করে করেছ একটি সন্ন্যাসী,
বিশ্বময় দিয়েছ তারে ছড়ায়ে।
ব্যাকুলতর বেদনা তার বাতাস উঠে নিশ্বাসি
অশ্রু তার আকাশে পড়ে গড়ায়ে।